

সম্পাদক
শাহাদত চৌধুরী

নির্বাহী সম্পাদক
গোলাম মোর্তোজা

সিনিয়র প্রতিবেদক
বদরুল আলম নাবিল
জব্বার হোসেন

প্রতিবেদক
রুহুল তাপস, সাজেদুর রহমান
হাসান মূর্তাজা, খোন্দকার তাজউদ্দিন

সহযোগী প্রতিবেদক
জাহাঙ্গীর আলম জুয়েল
খোন্দকার তানভীর জামিল

কার্টুন
রফিকুন নবী

প্রধান আলোকচিত্রী
তুহিন হোসেন
আলোকচিত্রী
সালাহ উদ্দিন টিটো

নিয়মিত লেখক

আসজাদুল কিবরিয়া, ফাহিম হুসাইন
মহিউদ্দিন নিলয়, মা'ফ রনি, হাসান জামান
জুটন চৌধুরী, আরাফাতুল ইসলাম

প্রতিনিধি
সুমি খান চট্টগ্রাম
মামুন রহমান যশোর
বিদেশ প্রতিনিধি
জসিম মল্লিক কানাডা

মুনাওয়ার হুসাইন পিয়াল হলিউড
আকবর হায়দার কিরণ নিউইয়র্ক
নাসিম আহমেদ ওয়াশিংটন
নাজমুন নেসা পিয়ান্নী বার্লিন

কাজী ইনসান টোকিও
প্রযুক্তি বিভাগ প্রধান
শাহরিয়ার ইকবাল রাজ
প্রধান গ্রাফিক ডিজাইনার
নূরুল কবীর

শিল্প নির্দেশক
কনক আদিত্য

প্রদায়ক আলোকচিত্রী
এ এল অপূর্ব, সোহেল রানা রিপন
আনোয়ার মজুমদার

জেনারেল ম্যানেজার
শামসুল আলম

যোগাযোগ
৯৬-৯৭ নিউ ইস্কাটন, ঢাকা-১০০০
পিএবিএস : ৯৩৫০৯৫১ - ৩
সার্কুলেশন/বিজ্ঞাপন : ৯৩৪৯৪৫৯
ফ্যাক্স : ৯৩৫০৯৫৪
চট্টগ্রাম অফিস : ১৪/ক, এসি দত্ত
লেন, পাথরঘাটা, চট্টগ্রাম ৪০০০
ই-মেইল : info@shaptahik2000.com

দাম : ১৫ টাকা


মিডিয়াওয়ার্ল্ড লিমিটেড
৫২ মতিঝিল বা/এ, ঢাকা-১০০০-এর পক্ষে
মাহফুজ আনাম কর্তৃক প্রকাশিত ও
ট্রাস্টক্রাফট লিঃ, ২২৯ তেজগাঁও শিল্প এলাকা
ঢাকা-১২০৮ থেকে মুদ্রিত।

www.shaptahik2000.com

টেংরাটিলা গ্যাসক্ষেত্রে আগুন জ্বলছে, দাউ দাউ করে। জনগণের সম্পদ ধোঁয়া হয়ে মিলিয়ে যাচ্ছে আকাশে। আগুনের ফুলকিতে প্রতিধ্বনিত হয়ে ফিরে আসছে মানুষের হাহাকার। মানুষের কষ্ট-বেদনা, গ্যাসের ধোঁয়া... সব একাকার। দেখার যেন কোথাও কেউ নেই। দেশের সম্পদ পুড়ছে দিনের পর দিন...। নাইকোর কর্মকর্তারা এখনো বাংলাদেশে ঘুরছে দাপটের সঙ্গে। করছে আত্মপক্ষ সমর্থনের নামে নির্লজ্জ মিথ্যাচার। বলার চেষ্টা করছে ২৫ জুলাইয়ের মধ্যে তারা রিলিফ কূপ খনন করবে। এ রকম দুর্ঘটনা মধ্যপ্রাচ্যের দেশগুলোতে নাকি অহরহ ঘটে। তাদের এই মিথ্যাচারের সহযোগী মন্ত্রী, রাজনীতিবিদ এবং আমলা। এখানে রাজনীতিবিদ বলতে বিএনপি-আওয়ামী লীগ উভয়কেই বোঝানো হচ্ছে। রাজনীতিবিদ-আমলারা অর্থের বিনিময়ে বিক্রি হয়ে গেছেন বিদেশী তেল কোম্পানির কাছে। উলারের প্রলোভনে বিবেককে তারা বিক্রি করে দিয়েছেন।

তারা নিজের স্বার্থ কড়ায় গণ্ডায় হিসাব করে নিয়েছেন। তেল কোম্পানির অর্থে সপরিবারে ইউরোপ, আমেরিকা ঘুরেছেন, ঘুরছেন। দেশের স্বার্থ দেখার মতো সময় তাদের নেই। এ কথা শুধু একজন মোশাররফ হোসেন বা তৌফিক এলাহীর ক্ষেত্রে প্রযোজ্য তা নয়। আমাদের প্রায় সব রাজনীতিবিদ এবং আমলার ক্ষেত্রে এ কথা প্রযোজ্য।

অসম যুদ্ধের ফলাফল যা হয়, তাই ঘটেছিল সাঁওতাল বিদ্রোহের বেলাতেও। সাঁওতাল কৃষক বিদ্রোহীদের সংগ্রাম সরাসরি বিজয়ী না হলেও এই সংগ্রাম ভারতবর্ষের কৃষক সংগ্রামের ঐতিহ্যকে আরো উজ্জ্বল ও মহিমান্বিত করেছিল। এই বিদ্রোহীদের আত্মত্যাগ ও বীরত্বের কাহিনী প্রেরণা যুগিয়েছে পরবর্তীতে অগণন কৃষক বিদ্রোহে। তাই হলের কোনো শেষ নাই, সিধু-কানুর মরণ নাই।



8 el © 9 mSL v 8 Rj vB 2005

c00t i Que : mvfR' j i ngvb

